# ঠাকুরগাঁও সদর উপজেলার (৬ষ্ঠ উপজেলা পরিষদের) ১ম সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ মোশারুল ইসলাম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ১৩/০৬/২০২৪ খ্রিঃ।

সময় : সকাল ১০-৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় মাননীয় জাতীয় সংসদ জনাব রমেশ চন্দ্র সেন উপস্থিত থাকায় তাঁর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। সভায় আশাবাদ ব্যক্ত করা হয় যে মাননীয় জাতীয় সংসদ সদস্য এভাবে প্রতিটি সভায় উপস্থিত থেকে উপদেশ প্রদান করবেন। ফলে সকলে কাজে অনুপ্রাণিত হবে। অত:পর সভায় শুরুতে মাননীয় জাতীয় সংসদ জনাব রমেশ চন্দ্র সেনসহ নব-নির্বাচিত চেয়ারম্যান ও ভাইসচেয়ারম্যানদ্বয়কে ফুল দিয়ে বরণ করা হয়। তিনি শুরুতে ৬ষ্ঠ উপজেলা পরিষদের নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান তাঁর পরিচিতি প্রদান করেন অত:পর ভাইস চেয়ারম্যানদ্বয় তাঁদের পরিচিতি প্রদান করেন। অত:পর উপস্থিত সকল কর্মকর্তা তাদের পরিচিতি প্রদান করেন। সূচনা বক্তব্যে সভাপতি জানান যে, অদ্যকার সভা খুবই গুরুত্বপূর্ণ কেননা আজকের এই সভার মাধ্যমে ৬ষ্ঠ উপজেলা পরিষদের ঠাকুরগাঁও সদর উপজেলার নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের যাত্রা শুরু হলো।

অত:পর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বান জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের প্রথম সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণের মধ্য হতে প্যানেল চেয়ারম্যান নির্বাচিত করার বিধান রয়েছে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ আব্দুর রশিদ ১ম প্যানেল চেয়ারম্যান এবং জনাব মাসহুরা বেগম (হুরা) কে ২য় প্যানেল চেয়ারম্যান হিসেবে নিয়োগের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আলোচনান্তে ১৭টি স্থায়ী কমিটি অত্র সভায় গঠন করা হলো যা পরিশিষ্ট "খ"তে দেখানো হলো। উপজেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও কে (unothakurgaon@mopa.gov.bd) নিয়োগ প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

## ১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন

উপজেলা নির্বাহী অফিসার গত ১৬/০৪/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংযোজন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করা হয়।

## ২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(ক) ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা: উপজেলা নিবাহী অফিসার জানান, জাতীয় তথ্য বাতায়ন পৃথিবীর বৃহত্তম তথ্য বাতায়ন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারী/আধা-সরকারী দপ্তরের তথ্য সহযোগে নির্মিত জাতীয় তথ্য বাতায়ন হাল-নাগাদ রাখার লক্ষ্যে এ উপজেলার ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar. thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: প্রতিটি অফিস আদালতে শুদ্ধ আচরণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষন করেন।<br>(গ) ইনোভেশন সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। তিনি আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ এবং এডহক কমিটিতে অভিভাবক সদস্য মনোনয়নের কার্যক্রমে অন-লাইন চালু করা হয়েছে। এতে করে উক্ত সেবা গ্রহীতাগনকে এখন সেবাটি পাওয়ার জন্য দেরী করতে হয় না। অফিসে আসা লাগে না এবং সেবাটি পেতে কোন অর্থ খরচ করতে হচ্ছে না। অন্যান্য | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করা হয়। | | |
| ০২ | স্বাস্থ্য ও প.প. বিভাগ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস্যারের প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভায় নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয়সহ উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানান। নব-নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জ্ঞাতার্থে জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলায় ৫৯টি কমিউনিটি ক্লিনিক রয়েছে, ২২টি ইউনিয়ন টিকার কার্যক্রম পরিচালনা হয়ে আসছে এবং প্রতিটি ইউনিয়নে ০৩টি করে টিকা কেন্দ্র রয়েছে। এই টিকা কেন্দ্রর মাধ্যমে গর্ভবতী মা ও শিশুকে টিকা প্রদান করা হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। স্বাস্থ্য বিভাগের আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর ফাড়াবাড়ী কমিউনিটি ক্লিনিকের সমস্যা বিষয়ে জানতে চাইলে, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জানান যে, ফাড়াবাড়ী কমিউনিটি ক্লিনিকের সমস্যার বিষয়টি ইতোমধ্যে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়কে অবগতি করা হয়েছে এবং এ সমস্যাটি সমাধানের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয় জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়ের সাথে আলোচনা করবেন মর্মে সভায় জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাঃ প. অফিসার। |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর:<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভায় নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয়সহ উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানান। নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে উপজেলা পরিষদের সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান ঠাকুরগাঁও গ্রামীন অবকাঠামো প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা করা হয়েছে। এই গ্রামীন অবকাঠামো প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রথমে জরিপ কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই জরিপ কার্যক্র সম্পন্ন করতে সম্ভাব্য ০২(দুই) লক্ষ টাকা ব্যয় হবে। এই অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সুযোগ রয়েছে। তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জানান জরিপ কার্যক্রম শেষ হলে গ্রামীন রাস্তা গুলো পাকা করণের প্রস্তাব মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়া যাবে। পরিশেষ তিনি সকলের সুস্বাস্থ্য কামনা করে তার বক্তব্য শেষ করেন। | জরিপ কার্যক্রম এডিপি এর তহবিলের মাধ্যমে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, উপজেলা শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা কৃষি অফিস<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি শুরুতে নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয় এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়সহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি জানান সরকারি দপ্তরের কর্মকর্তাগণ তাদের বিভিন্ন কর্মকান্ডের সাথে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানগণ অঙ্গানুগনিকভাবে জড়িত। তিনি উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের পরিপূর্ণ সহযোগিতা কামনা করেন। তিনি জানান উপজেলা পরিষদ সহযোগিতা পেলে সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে সহজভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে তিনি সকলের আবারও সহযোগিতা করেন, সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করেন এবং পবিত্র ঈদুল আযহার আগাম শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান টি আর ও কাবিখার ২য় পর্যায়ের কাজ সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা অফিসার জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভায় উপস্থিত জাতীয় সংসদ, নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান ইতোমধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা ফজিল্লাতুন্নেছা গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ইউনিয়ন পর্যায়ে সম্পন্ন করা হয়েছে। আসন্ন পবিত্র ঈদুল আযহার পরে উপজেলা পর্যায়ের চুড়ান্ত খেলা অনুষ্ঠিত হবে। তিনি আরও জানান যে, প্রাথমিক পর্যায়ে অদ্য হতে আগামী ০২ জুলাই পর্যন্ত প্রাথমিক বিদ্যালয় ছুটি ঘোষনা করা হয়েছে। গ্রামের প্রত্যন্ত অঞ্চলের প্রাথমিক বিদ্যালয়ে বৈজ্ঞানিক যন্ত্রপাতিসহ মুল্যবান দ্রব্যাদি রয়েছে। ফলে দীর্ঘ ছুটির কারণে চুরি হওয়ার সম্ভবনা রয়েছে। তিনি স্থানীয় ভাবে ও ইউনিয়ন পর্যায়ে পাহাড়ার ব্যবস্থা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | স্লিপের অনুকূলে বরাদ্দ আছে, যা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতির স্বাক্ষরে উত্তোলন করতে হয় কিন্তু কিছু কিছু বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি স্লিপের অর্থের চেকে স্বাক্ষর করছে না। তিনি এই বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ০৭ | <u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভার শুরুতে নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি জানান মাঠ পর্যায়সহ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রগুলোতে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোরী সেবা ও পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পদ্ধতি ভিত্তিক (স্থায়ী ও দীর্ঘমেয়াদী) কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলা বিভিন্ন আশ্রয়ণ/আবাসন প্রকল্পগুলোতে নিয়মিত উঠান বৈঠক চলমান রয়েছে। তাছাড়া অত্র উপজেলার আউলিয়াপুর ও জগন্নাথপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪ ঘন্টায় সপ্তাহে ৭দিনে সার্বক্ষনিক সেবা ও পরামর্শ দানের জন্য হটলাইন নাম্বারসহ মোবাইল সেবা চালু হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | <u>মৎস্য বিভাগ :</u><br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি তাঁর বক্তব্যের শুরুতে নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারমানদ্বয়কে মৎস বিভাগের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং মাননীয় জাতীয় সংসদ সদস্যসহ উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, উপজেলা পরিষদে ন্যাস্তকৃত ১৭টি দপ্তর যদি নিয়মিতভাবে স্ট্যান্ডিং কমিটির সভাগুলো অনুষ্ঠিত হয় তাহলে সকল কার্যক্রম সফলতা হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মৎস্য বান্ধব ব্যক্তি হবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। তিনি জানান যে, আমরা যদি কৃষি, মৎস ও প্রাণি সম্পদ খাতগুলোর বিষয়ে একটু সচেতন হয়ে জনগণকে উদ্বুদ্ধ করতে পারলে নিরাপদ খাদ্য খেতে পারবো। আমরা পুকুর ও জলাশয়ে মাছ চাষ করছি, কিন্তু পুকুরে মাছ চাষের ক্ষেত্রে বাইরে থেকে মাছের খাবার ব্যবহার করছি। এক্ষেত্রে মাছের খাদ্যে বিষাক্ত কীটনাশক ব্যবহার করা হচ্ছে। এতে করে আমরা দূষিত খাবার খাচ্ছি। তিনি জানান যে, নদী-নালা, খাল-বিল, বিভিন্ন স্লুইচ গেটে অভয় আশ্রমে মাছ চাষ করা যায়, তাহলে মাছ চাষ বৃদ্ধি পাবে এবং আমরা নিরাপদ খাদ্য খেতে পারবো। এ বিষয়ে নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বিশেষ দৃষ্টি দিবেন এবং তাঁর দিক নির্দেশনা পেল কাজ করা সহজ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। মৎস্য বিভাগের আলোচনাকালে চেয়ারম্যান ০৩নং আকচা ইউপি জানান যে, টাঙ্গন অভয় আশ্রমে যে, ২০ থেকে ২৫ মন মা মাছ দুষ্কৃতিকারী মেডিসিন দিয়ে মেরে নিয়ে গেছে সে বিষয়ে কি ব্যবস্থা নিয়েছে তা জানতে চাইলে উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, সুনির্দিষ্ট কোন অভিযোগ না থাকায় অজ্ঞাত নামা দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে ইতোমধ্যে সাধারণ ডায়েরী করা হয়েছে এবং মামলার কার্যক্রম চলমান রয়েছে এজন্য তিনি ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। মৎস্য বিভাগের আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, এই একটি দু:খজনক বিষয়। একটি অভয় আশ্রমে করে একটা দীর্ঘসময় ধরে টেককেয়ার করে মা মাছ উৎপাদন করা হয়। যে বা যারা এই কর্মকান্ডে সাথে জড়িত তাদেরকে যদি কঠোর আইনের আওতায় না আনা যায় তাহলে এই অভয় আশ্রয়ন তৈরী করে তো কোন লাভ নাই। আমরা প্রতি বছর টাকা খরচ করবো আর কে বা কাহারা এই মাছ বিষ বা মেডিসিন দিয়ে শিকার করে নিয়ে যাবে তাহলে যে উদ্দেশ্যে এই অভয় আশ্রম করা হয় সেটা তো বাস্তবায়িত হচ্ছে না। এক জন বা দুই জন লোকের পকেট ভরার জন্য তো সরকার এই খাতে অর্থ বরাদ্দ প্রদান করেন না। এই জায়গাটা মৎস বিভাগের কঠোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার দরকার ছিল। স্ট্যান্ডিং কমিটির সভায় নিয়মিত করার জন্য আপনি চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণকে অনুরোধ করেছেন। উপজেলা পরিষদের হস্তান্তরিত মোট ১৭টি দপ্তর রয়েছে এবং এই ১৭টি দপ্তরের একটি করে স্ট্যান্ডিং কমিটির রয়েছে। এই স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিব হচ্ছেন প্রতিটি দপ্তর প্রধান। প্রতিটি দপ্তর প্রধানের দায়িত্ব হচ্ছে চেয়ারম্যানের কাছে সময় নিয়ে কমিটি সভা আহবান করা। তিনি আগামী মাস হতে সকল দপ্তর প্রধানকে নিয়মিতভাবে স্ট্যান্ডিং কমিটির সভা করার অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৯ | <u>প্রাণী সম্পদ বিভাগ:</u><br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় অনুপুস্থিত থাকার তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| ১০ | <u>সমাজসেবা বিভাগ :</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভায় নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যানদ্বয়সহ উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা ও | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | সালাম জানান। তিনি নব-নির্বাচিত চেয়ারম্যান সাহেবের দৃষ্টি আর্কষণ করে জানান যে, তিনি সমাজসেবার বিভিন্ন কমিটির সাথে আগে থেকে জড়িত রয়েছে এবং উপজেলা পর্যায়ে বিভিন্ন ভাতাভোগী কমিটিতে সভাপতির দায়িত্ব পালন করছেন। সমাজসেবা বিভাগের আলোচনাকালে মাননীয় উপদেষ্টা মহোদয় জানাতে চান যে, আগামী জুনের মধ্যে বিভিন্ন সাহায্য যেমন চিকিৎসা, অসহায় দুস্থ ব্যক্তিসহ বিভিন্ন ভাতার অনুকূলে যে বরাদ্দ সমূহ আসে সেগুলো কি উত্তোলন করা হয়েছে নাকি বাকি আছে। উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সদর উপজেলায় হাসপাতাল কার্যক্রম না থাকায় সেই ফান্ডে কোন অর্থ বরাদ্দ পাওয়া যায় না। তিনি জানান জাতীয় সমাজসেবা সম্পর্কিত একটি তহবিল রয়েছে, সেটা জুন সংশ্লিষ্ট নয়। তিনি জানান গত অর্থ বছরের যে বরাদ্দ পাওয়া গেছে তার চেয়ে ভুল করে শুধু দেবীপুর ইউনিয়নের ১০০টি বরাদ্দ বেশি প্রদান করা হয়েছে। দেবীপুর ইউনিয়নের একশত জন যোগ্য ব্যক্তি খুজে পাওয়া যাচ্ছে না। আগামী ৩০শে জুনের মধ্যে সারেন্ডার করা কথা থাকলেও আমরা তা করবো না। উপজেলা নির্বাহী অফিসার জানান, উক্ত ইউনিয়ন বাদে অন্য কোন ইউনিয়নের বরাদ্দ প্রদান করা সুযোগ আছে কিনা তা জানতে চান। উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, অন্য কোন ইউনিয়নে বরাদ্দ প্রদান করা সুযোগ রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অন্য ইউনিয়নগুলোতে বরাদ্দটি বিভাজন করে ভাতাভোগী নির্বাচন করার পরামর্শ প্রদান করেন। তিনি আরও জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলাধীন ০৪নং বড়গাঁও ইউনিয়নকে ভৌগলিক কারণে বিভক্ত করে সেনুয়া ইউনিয়ন পরিষদ নামে একটি ইউনিয়ন গঠন করা হয়েছে। ইতোমধ্যে গত ১ এপ্রিল ২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ গেজেটের মাধ্যমে প্রকাশ করা হয়েছে। তিনি জানান অত্র উপজেলার ২১টি ইউনিয়নের বিভিন্ন ভাতা প্রদানের তথ্যাদি সমাজসেবা অধিদপ্তরের mis.bhata.gov.bd.com সফটওয়্যারের মাধ্যমে সন্নিবেশিত রয়েছে মর্মে উক্ত ২১টি ইউনিয়নের বিভিন্ন ভাতাভোগীদের নিয়মিতভাবে ভাতা প্রদান করা হচ্ছে। কিন্তু নবগঠিত সেনুয়া ইউনিয়নের কোন তথ্য উক্ত সফটওয়্যারের সন্নিবেশিত না থাকায় নব গঠিত সেনুয়া ইউনিয়নটির কোন ভাতার বরাদ্দ পাওয়া যাচ্ছে না। তিনি নব গঠিত সেনুয়া ইউনিয়নের তথ্যাদি সন্নিবেশিত করা হলে উক্ত ইউনিয়নের জনগণকে দ্রুত সেবা প্রদান করা সম্ভব হবে। উক্ত ইউনিয়নের তথ্যাদি mis.bhata.gov.bd.com সফটওয়্যারের মাধ্যমে সন্নিবেশিত করতে পরিচালক(সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা এর অনুমতি নিতে হবে। কারণ এই সফটওয়্যারটি পরিচালক মহোদয় কার্যালয় হতে নিয়ন্ত্রণ করা হয়। তিনি এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। উক্ত বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নবগঠিত সেনুয়া ইউনিয়ন তথ্যাদি mis.bhata.gov.bd.com সফটওয়্যারের মাধ্যমে সন্নিবেশিত করার অনুমতির জন্য সভায় কার্যবিবরণীসহ পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে পত্র প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ১১ | **খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে চালের মজুদ হচ্ছে ২০৮৯৫.০০ মে: টন: গম ১৩৮.০০০ মে: টন। তিনি জানান এ বছর আমন সংগ্রহের লক্ষমাত্রা হচ্ছে ১০৬১২.০০০ মে.টন, ইতোমধ্যে চুক্তি সম্পাদন করা হয়েছে ১০৬১২.০০০ মে.টন। তিনি জানান এখন পর্যন্ত সংগ্রহ হয়েছে ৭৬১৯.৬১০ মে.টন. অবশিষ্ট ২৯৯২.৩৯০ মে.টন চাল সংগ্রহ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরও জানান আগামী ফেব্রুয়ারী মাসে ফেয়ার প্রাইজ কার্যক্রম চালু হবে। সেক্ষেত্রে যদি কোন ইউনিয়নে ভোক্তার পরিবর্তন যদি থাকে তা বর্তমান মাসের মধ্যে পরিষদে সভাকরে পরিবর্তিত নাম সভার কার্যবিবরণীতে উল্লেখ করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভার শুরুতে মাননীয় জাতীয় সংসদ সদস্যসহ নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানসহ উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান আমরা সুন্দর একটি নির্বাচনের মধ্য দিয়ে ০৩(তিন) জন নতুন চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পেয়েছি যদিও ভাইস চেয়ারম্যানদ্বয় এর আগেও ছিলেন এবারও তারা পুনরায় নির্বাচিত হয়েছে এজন্য তিনি সকলকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। বিশেষ করে নব-নির্বাচিত চেয়ারম্যান সাহের সহযোগিতা আমরা মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন সমস্যা হলে তা সমাধান করা সম্ভব হয়েছে। তিনি জানান তার দপ্তরের বিভিন্ন কাজ করতে গিয়ে বিভিন্ন সমস্যা সম্মূখীন হতে তারমধ্যে বিশেষ করে ম্যানেজিং কমিটি গঠনে ক্ষেত্রে স্থানীয় কিছু প্রভাবশালী ব্যক্তিবর্গের কারণে জটিলতা সৃষ্টি হয় এবং এই জটিলতার কারণে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে মামলা হয়ে যায়। এই মামলা হওয়ার কারণে শিক্ষা প্রতিষ্ঠানেগুলো আর ম্যানেজিং কমিটি গঠন করা সম্ভব হয় না। পরবর্তীতে ম্যানেজিং | বিদালয়ে পরিদর্শন বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | কমিটি গঠনের উদ্যোগ নিয়ে আবারও অভিযোগ আসে একটি মামলা চলাকালীন সময়ে কিভাবে ম্যানেজিং কমিটি গঠন করা হয়। এতে করে বিভিন্ন সমস্যা সৃষ্টি হয় বিশেষ করে প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীগণ বেতনভাতা পেতে ভোগান্তির শিকার হন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিরক্ত করেন। এই বিষয়গুলো যদি স্থানীয় ভাবে সমাধান করা যায় তাহলে কেউ কোন বিড়ম্বনার শিকার হবেন না। তিনি এই বিষয়ে বিশেষ দৃষ্টি প্রদান করার জন্য মাননীয় সংসদ সদস্য এবং নব-নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান শিক্ষা কারিকুলাম ২০২৩ বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এটি আমাদের সবারই জানা প্রয়োজন। তিনি জানান এই কারিকুলামটি বাস্তবায়িত হলে দক্ষ জনশক্তি তৈরী হবে এবং ভবিষ্যতে বেকারত্ব অনেকটা কমে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি মাধ্যমিক স্তরের সকল কাজে নব-নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আন্তরিক সহযোগিতা কামনা করেন। মাধ্যমিক শিক্ষা বিভাগের আলোচনাকালে চেয়ারম্যান, ২০নং কুড়িয়া পশ্চিম জানান যে, কিছু কিছু বিদ্যালয় রয়েছে, যেগুলোতে দীর্ঘদিন হতে ম্যানেজিং কমিটি গঠন করা হচ্ছে না। তারা এডহক কমিটির মাধ্যমে বিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা করে আসছেন, যার ফলে দিন দিন শিক্ষামান কমে যাচ্ছে। কিভাবে বিষয়গুলো নিরসন করা যায় এবং নবম শ্রেণিতে রেজিস্ট্রেশন ফি, ছয় মাসের বেতন, অর্থাৎ হিসাব ২২০০/- টাকা একজন শিক্ষার্থীর কাছ থেকে গ্রহণ করা হচ্ছে। এক জন-সাধারণের পক্ষে এতো টাকা প্রদান করা সম্ভব নয়। এটা কি নীতিমালায় রয়েছে কিনা তা জানতে চান। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নিয়মিত কমিটি গঠনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে উদ্যোগ গ্রহণ করতে হয়। যদি প্রতিষ্ঠানটি এডহক কমিটির মাধ্যমে পরিচালিত হয়, তাহলে ছয় মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠনের উদ্যোগ নিতে হবে কিন্তু প্রতিষ্ঠান প্রধানগণ কোন উদ্দেশ্যে তা করছেন না তা স্পষ্ট নয়। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য উপজেলা নির্বাহী অফিসার জানান যে, কোন প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠন করতে হলে, উপজেলা নির্বাহী অফিসার একজন অভিভাবক সদস্য মনোনয়ন দিতে হয়। এক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠনের জন্য প্রতিষ্ঠান প্রধান আসলে তাকে অভিভাবক সদস্য মনোনয়ন দেয়া হয় না ফলে অভিভাবক সদস্য মনোনয়ন দানের জন্য বিভিন্ন মহল হতে তদবির শুরু হয়, পরে তাদের তদবিরের কারণে অভিভাবক সদস্য মনোনয়ন প্রদান করতে হয়। তিনি জানান বার বার একটি প্রতিষ্ঠান এডহক কমিটি দ্বারা পরিচালনা করবে এটা সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের অদক্ষতা। তিনি জানান স্থানীয় জনপ্রতিনিধি যদি পেশার দেন তাহলে সকলের সম্মিলিত প্রচেষ্টায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত কমিটি গঠন করা সম্ভব হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২২০০/- টাকার ফি বিষয়ে জানান যে, বোর্ড কর্তৃক বিভিন্ন ফি ১৮০০/- টাকা গ্রহন করা হয়। কিন্তু কি কারণে কুড়িয়া বালিকা উচ্চ বিদ্যালয় এত টাকা নিচ্ছে তা খতিয়ে দেখা হবে মর্মে তিনি সভায় জানান। মাননীয় উপদেষ্টা মহোদয় নিয়মিত বিদ্যালয়গুলো পরিদর্শন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ১৩ | পরিসংখ্যান অফিস:<br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ১৪ | সমবায় অফিস:<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | মহিলা বিষয়ক দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | যুব উন্নয়ন অফিসার<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৭ | নির্বাচন বিভাগ:<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কর্মকান্ডের প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| ১৮ | বন বিভাগ<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভার শুরুতে মাননীয় জাতীয় সংসদ সদস্যসহ নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানসহ উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলা বৃক্ষ রোপন কার্যক্রম খুবই কম। পানি উন্নয়ন বোর্ডের অনেক ক্যানেল রয়েছে, যেগুলো বাগান ফ্রি, যা তারা ইতোমধ্যে উন্নয়নমূলক কাজের জন্য | বৃক্ষ রোপনের জন্য পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা বন বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | কর্তন করে ফেলেছেন। ফলে অত্র উপজেলা বাগানের পরিমান কম। পল্লি উন্নয়ন বোর্ডের এই জায়গাগুলো বর্তমানে বৃক্ষ শূন্য রয়েছে। এই জায়গাগুলো যদি বৃক্ষ রোপন করা যায় তাহলে বাগানের সংখ্যা বৃদ্ধি পাবে। তিনি এই জায়গাগুলো বৃক্ষ রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | | |
| ১৯ | জনস্বাস্থ্য বিভাগ<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন শতভাগ করার আপ্রান চেষ্টা চালানো হচ্ছে। তিনি এ ব্যাপারে | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | আনসার ভিডিপি অফিস<br>উপজেলা আনসার ভিডিপি এ পক্ষে তার প্রতিনিধি সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ইতোমধ্যে আনসার সদস্য নিয়োগের কার্যক্রম অনলাইনে শুরু হয়েছে। বর্তমানে আনসারদের উচ্চতা করা হয়েছে ৬ ফুট ৩ ইঞ্চি। তাদের মাসিক বেতন নির্ধারণ করা হয়েছে ১৩০৫০.০০ টাকা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |
| ২১ | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ২০০৪ সালে ৫৪ জন অস্বচ্ছল মুক্তিযোদ্ধাকে ঋণ প্রদান করা হয়। উক্ত মুক্তিযোদ্ধাগনকে দেয়া ঋণের ইতিমধ্যে ৭০% পরিশোধ করেছেন। অবশিষ্ট ঋণের অর্থ পরিশোধ করেন নাই। তিনি এই ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৪ | বিবিধঃ<br>(ক) চেয়ারম্যান, ০৩নং আকচা ইউপি সভার শুরুতে মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপদেষ্টা মহোদয় এবং নব নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়কে আকচা ইউনিয়নবাসীর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।<br>খ) চেয়ারম্যান, ০৪নং বড়গাঁও ইউপি সভার শুরুতে জানান মাননীয় জাতীয় সংসদ সদস্য ও উপদেষ্টা মহোদয় এবং নব নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়কে আকচা ইউনিয়নবাসীর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি জানান যে, তিনি গর্বিত। কারণ হচ্ছে তিনি আজকের সভার প্রধান অথিতি হচ্ছেন তার শিক্ষক এবং নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান হচ্ছে তার ছাত্র। এই জন্য তিনি নিজেকে গর্বিত বোধ করেন। তিনি আগামী ০৫ বছর যেন সুন্দর ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদন করতে পারেন এজন্য তিনি নব-নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যানের মঙ্গল কামনা করেন।<br>গ) চেয়ারম্যান, ০৬নং আউলিয়াপুর সভায় জানান যে, তার ইউনিয়নের উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর হতে একটি কালভার্ট নির্মাণ করা হচ্ছে কিন্তু কোন বাইপাস রাস্তা করা হয় নাই। ফলে জনগণের চলাচলের চরম অসুবিধা হচ্ছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>ঘ) চেয়ারম্যান, ০৭নং চিলারং ইউপি ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভায় নব-নির্বাচিত চেয়ারম্যানদ্বয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সেই সাথে অত্র উপজেলার সকল উন্নয়নমূলক কাজে তাদের সহযোগিতা কামনা করেন।<br>ঙ) চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি সভায় জানান যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের পথ চলা অদ্য হতে শুরু হলো। তিনি আজকের সভায় নব-নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সেই সাথে অত্র উপজেলার সকল উন্নয়নমূলক কাজে তাদের সহযোগিতা কামনা করেন।<br>চ) চেয়ারম্যান, ০৯নং রায়পুর ইউপি সভায় জানান যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়কে রায়পুর ইউনিয়নের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সেই সাথে অত্র উপজেলার সকল উন্নয়নমূলক কাজে তাদের সহযোগিতা কামনা করেন।<br>(ছ) জনাব মাসুদা বেগম (হুসা) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও জানান আজকের সভায় ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্যসহ উপস্থিত সকলকে সালাম ও আদাব জানান। তিনি জানান ইতোমধ্যে স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা করার জন্য আলোচনা হয়েছে। এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি জানান উপজেলা পরিষদ পরিষদ হতে নারী উন্নয়ন ফোরামের জন্য উন্নয়ন তহবিল হতে প্রতিবছর ৩% অর্থ বরাদ্দ প্রদান করা হয়। তিনি নারী উন্নয়নের মাধ্যমে এলাকার উন্নয়নের স্বার্থে ৩% থেকে বরাদ্দ বৃদ্ধি করার প্রস্তাব করেন। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদে উর্দ্ধতন অফিস হতে যে সমস্ত চিঠি পত্র আসে প্রতিটি চিঠি-পত্রের একটি কপি ভাইস | ক) আউলিয়াপুর ইউনিয়নে নির্মিতব্য কালভার্টের পাশে বাইপাস রাস্তা নির্মানের বিষয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |

চেয়ারম্যানদের প্রদান করার প্রস্তাব করেন। পরিশেষ তিনি একটি অবাধ, সুন্দর, সুষ্ঠ নির্বাচন করার জন্য উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

জ) জনাব মো: আব্দুর রশিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান পুনরায় নির্বাচিত হয়ে উপজেলা পরিষদের আজকের সভায় যোগদান করেছেন। পুনরায় নির্বাচিত করায় জন্য উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

ঘ) মাননীয় জাতীয় সংসদ সদস্য:

জনাব রমেশ চন্দ্র সেন, জাতীয় সংসদ সদস্য সভায় জানান যে, আজকে ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে নব-নির্বাচিত উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানসহ উপস্থিত সকলকে মুজিবি শুভেচ্ছা জানান। তিনি বলেন উপজেলার যে কমিটির রয়েছে, এটা হচ্ছে রুট লেভেলে কমিটি। এই কমিটির মাধ্যমে সরকারের সকল উন্নয়নমূলক কাজগুলো বাস্তবায়ন করা হয়। কোন ভুল ত্রুটি হলে তা সমাধান করা যায়, শিক্ষার মান উন্নয়নে ভূমিকা রাখা যায়। তিনি জানান মন্ত্রণালয় হতে সমাজসেবা দপ্তরে দু:স্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যক্তিদের অনুকূলে যে বরাদ্দ প্রদান করা হয় তা যেন সঠিক ভাবে ব্যবহার করা সেজন্য তিনি সমাজসেবা কর্মকর্তাকে নিদের্শনা প্রদান করেন। আমাদের সদর উপজেলাকে একটি উন্নত সমৃদ্ধ উপজেলা রুপান্তরিত হয়েছে মর্মে তিনি বিশ্বাস করেন। ইতোমধ্যে অত্র উপজেলায় অনেক উন্নয়নমূলক কাজ করা হয়েছে। বর্তমানে যে কাজগুলো রয়েছে, সেগুলো একটার পর একটা শেষ করা হচ্ছে। এই উপজেলাকে মডেল উপজেলায় হিসেবে গড়ে তুলতে হলে বাল্য বিবাহ বন্ধ, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ, ভূমি দস্যুদের আইনের আওতায় আনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সেই সাথে কমিউনিটি ক্লিনিকে গর্ভবর্তী মায়েরা যেন সেবা পান, তারা যেন কোন হয়রানির শিকার না হন সে বিষয়ে সজাগ থাকার জন্য স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তিনি জানান মৎস্য বিভাগের আওতায় যে সমস্ত কার্যক্রম রয়েছে যেমন অভয় আশ্রয়ণ গড়ে তোলা, এই অভয় আশ্রয়ণে মাছ যেন কোন শিকার করতে না পারে সে বিষয়ে তদারকি করার জন্য মৎস্য কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। প্রাথমিক বিদ্যালয়ের মেরামত খাতের অনুকূলে যে বরাদ্দ আসে তা যেন যথাযথ ভাবে খরচ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে নির্দেশনা প্রদান করেন। তিনি আরও জানান যে, জনসংখ্যা বৃদ্ধির কারণে রাস্তা নির্মাণের ফলে রাস্তার পার্শ্বে রোপিত গাছগুলো কর্তন করা এবং কর্তনের পর পুনরায় গাছ লাগানোর জন্য ভারপ্রাপ্ত বন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। পরিশেষে তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে শুভেচ্ছা বক্তব্য শেষ করেন জয় বাংলা।

৩। **উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় অনুমোদন :**

ব্যয় : আলোচ্য সময়ে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের নিম্নরূপ বিবরণী সভায় উপস্থাপন করা হয়: -

| ক্রম | গ্রহণকারীর নাম | বিবরণ | চেক নং | তারিখ | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ০১ | এ্যাড. অরুনাংশু দত্ত টিটো চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৩৮৮৩৬৩২ | ০২/০৫/২৪ | ৪০০০০.০০ |
| ০২ | মোঃ আব্দুর রশিদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৩৮৮৩৬৩৩ | ০২/০৫/২৪ | ২৭০০০.০০ |
| ০৩ | মোছাঃ মাসহুরা বেগম হুরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | এপ্রিল/২০২৪ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৩৮৮৩৬৩৪ | ০২/০৫/২৪ | ২৭০০০.০০ |
| ০৪ | জনাব মো: রাজু আহম্মেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | ১৪ জন অস্থায়ী কর্মচারীর এপ্রিল/২০২৪ মাসের মজুরী প্রদান। | ৩৮৮৩৬৩৬ | ০২/০৫/২৪ | ১৬২৯০০.০০ |
| | জনাব মো: পারভেজ, অস্থায়ী কর্মচারী, এর | ফেব্রুয়ারি/২০২৪ ২১(একুশ) দিনের মজুরী প্রদান | ৩৮৮৩৬৩৭, | ০২/০৫/২০২৪ | ৬৩০০.০০ |
| ০৫ | শান্তি মার্ডি, স্বেচ্ছাসেবী, নারগুন আদিবাসী ক্লিনিক | এপ্রিল/২৪ মাসের মাসের স্বেচ্ছাসেবী হিসেবে পারিশ্রমিক প্রদান। | ৩৮৮৩৬৩৮ | ০২/০৫/২০২৪ | ৩০০০.০০ |
| ০৬ | নিলা হাসদা, স্বেচ্ছাসেবী, বালিয়া আদিবাসী ক্লিনিক, ঠাকুরগাঁও সদর। | এপ্রিল/২৪ মাসের মাসের স্বেচ্ছাসেবী হিসেবে পারিশ্রমিক প্রদান। | ৩৮৮৩৬৩৯ | ০২/০৫/২০২৪ | ৩০০০.০০ |
| | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | এপ্রিল/২৪ মাসের দুটি আদিবাসী ক্লিনিকের ঔষুধ সরবরাহের জন্য প্রদান। | ৩৮৮৩৬৪০ | ০২/০৫/২০২৪ | ৩০০০.০০ |
| ০৭ | নুরুন্নবী, খীম সংবাদ দাতা, ঠাকুরগাঁও। | এপ্রিল/২০২৪ মাসের পত্রিকা বিল প্রদান। | ৩৮৮৩৬৪১ | ০২/০৫/২০২৪ | ১৪৭৫.০০ |
| ০৮ | জনাব মোঃ রাজু, ম্যানেজার, গাওশিয়া হোটেল এন্ড রেষ্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও, | ২২/০২/২০২৪ তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় ১২০ প্যাকেট দুপুরে বিরানী সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৬৪২ | ০২/০৫/২০২৪ | ২৭৭৫০.০০ |
| ০৯ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৪৩ | ০২/০৫/২০২৪ | ২২৫০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ | জনাব মোঃ রাজু, ম্যানেজার, গাওশিয়া হোটেল এন্ড রেষ্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও, | ১৪/০৩/২০২৪ তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় ১২০ প্যাকেট ইফতারি সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৬৪৪ | ০২/০৫/২০২৪ | [illegible] |
| ১১ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৪৫ | ০২/০৫/২০২৪ | ২২৫০.০০ |
| ১২ | জনাব মোঃ নূরুল ইসলাম, প্রসেস সার্ভার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের জন্য ঈদ উপহার সামগ্রী ক্রয় করে সরবরাহের বিল প্রদান। | ৩৮৮৩৬৪৬ | ০২/০৫/২০২৪ | ৫৫৫০.০০ |
| ১৩ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৪৭ | ০২/০৫/২০২৪ | ৪৫৭.০০ |
| ১৪ | জনাব মারজিনা বেগম, উপ-প্রশাসনিক কর্মকর্তা, ইউএনও অফিস, ঠাকুরগাঁও সদর। | অত্র উপজেলার ২২টি ইউনিয়ন পরিষদের কর্মরত (২২ জন দফাদার এবং ১৯৩ জন মহল্লাদার) মোট ২১৫ জন গ্রামপুলিশের এপ্রিল/২০২৪ মাসের বেতন ভাতা প্রদানের জন্য উত্তোলন। | ৩৮৮৩৬৪৮ | ০৭/০৫/২০২৪ | ৯৬২২৫০.০০ |
| ১৫ | মোঃ হারুন অর রশিদ, দোকানদার, উপজেলা মার্কেট, ঠাকুরগাঁও সদর। | আনসার ভিডিপি সদস্যদের জন্য এপ্রিল/২০২৪ মাসে ০২টি গ্যাস সিলিন্ডার সরবরাহের বিল প্রদান | ৩৮৮৩৬৪৯ | ০৭/০৫/২০২৪ | ৩০৮০.০০ |
| ১৬ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৫০ | ০৭/০৫/২০২৪ | ২৫০.০০ |
| ১৭ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর,উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের এপ্রিল/২০২৪ মাসের চা-চিনিসহ আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের বিল প্রদান। | ৩৮৮৩৬৫১ | ০৭/০৫/২০২৪ | ১২০৬৭.০০ |
| ১৮ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৫২ | ০৭/০৫/২০২৪ | ১০০৩.০০ |
| ১৯ | শান্তি মার্ডি, স্বেচ্ছাসেবী, নারগুন আদিবাসী ক্লিনিক | মে/২০২৪ মাসের মাসের স্বেচ্ছাসেবী হিসেবে পারিশ্রমিক প্রদান। | ৩৮৮৩৬৫৬ | ১৩/০৬/২০২৪ | ৩০০০.০০ |
| ২০ | নিলা হাসদা, স্বেচ্ছাসেবী, বালিয়া আদিবাসী ক্লিনিক, ঠাকুরগাঁও সদর। | মে/২০২৪ মাসের মাসের স্বেচ্ছাসেবী হিসেবে পারিশ্রমিক প্রদান। | ৩৮৮৩৬৫৭ | ১৩/০৬/২০২৪ | ৩০০০.০০ |
| ২১ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | মে/২০২৪ মাসের দুটি আদিবাসী ক্লিনিকের ঔষুধ সরবরাহের জন্য প্রদান। | ৩৮৮৩৬৫৮ | ১৩/০৬/২০২৪ | ৩০০০.০০ |
| ২২ | নুরুন্নবী, মীম সংবাদ দাতা, ঠাকুরগাঁও। | মে/২০২৪ মাসের পত্রিকা বিল প্রদান। | ৩৮৮৩৬৫৯ | ১৩/০৬/২০২৪ | ১৭৭০.০০ |
| ২৩ | মোঃ হারুন অর রশিদ, দোকানদার, উপজেলা মার্কেট, ঠাকুরগাঁও সদর। | আনসার ভিডিপি সদস্যদের জন্য মে/২০২৪ মাসে ০২টি গ্যাস সিলিন্ডার সরবরাহের বিল প্রদান | ৩৮৮৩৬৬০ | ১৩/০৬/২০২৪ | ৩১০৮.০০ |
| ২৪ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৬১ | ১৩/০৬/২০২৪ | ২৫০.০০ |
| ২৫ | এ্যাড. অরুনাংশু দত্ত টিটো চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | মে/২০২৪ মাসের ০৮/০৫/২০২৪ তারিখ পর্যন্ত সম্মানী ভাতা প্রদান। | ৩৮৮৩৬৬২ | ১৩/০৬/২০২৪ | ১০৬৬৬.০০ |
| ২৬ | মোঃ আব্দুর রশিদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | মে/২০২৪ মাসের ০৮/০৫/২০২৪ তারিখ পর্যন্ত সম্মানী ভাতা প্রদান। | ৩৮৮৩৬৬৩ | ১৩/০৬/২০২৪ | ৭২০০.০০ |
| ২৭ | মোছাঃ মাসহুরা বেগম হুরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | মে/২০২৪ মাসের ০৮/০৫/২০২৪ তারিখ পর্যন্ত সম্মানী ভাতা প্রদান। | ৩৮৮৩৬৬৪ | ১৩/০৬/২০২৪ | ৭২০০.০০ |
| ২৮ | বেগম মারজিনা বেগম, উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | ১২ জন অস্থায়ী কর্মচারীর মে/২০২৪ মাসের মজুরী প্রদান। | ৩৮৮৩৬৬৫ | ১৩/০৬/২০২৪ | ১,৪৬,৭০০.০০ |
| ২৯ | বেগম মারজিনা বেগম, উপ-প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অত্র উপজেলার ২২টি ইউনিয়ন পরিষদের কর্মরত (২২ জন দফাদার এবং ১৯২ জন মহল্লাদার) মোট ২১৪ জন গ্রামপুলিশের মে/২০২৪ মাসের বেতন, ঈদুল আযহার উৎসব ভাতা এবং যাতায়াত ভাতা প্রদানের জন্য উত্তোলন। | ৩৮৮৩৬৬৬ | ১৩/০৬/২০২৪ | ১৬৪০০০০.০০ |
| ৩০ | জনাব মোঃ লাবু, আইটি সোলুশন, সমবায় মার্কেট, ঠাকুরগাঁও | গত ১৯/০৫/২০২৪ তারিখে বজ্রপাতে উপজেলা পরিষদের অডিটরিয়ামের ভিতরের ক্যামেরাগুলো কিছু মালামাল যেমন পয়েন্ট সকেট, এমসিও, ফাইভার জয়েন্ট পুরে যাওয়ায় উক্ত মালামাল ক্রয় করে সংযোজন করে মজুরীসহ বিল প্রদান। | ৩৮৮৩৬৬৭ | ১৩/০৬/২০২৪ | ১২৬৬৫.০০ |
| ৩১ | জনাব মারজিনা বেগম, উপ-পশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গত ০৬/০৬/২০২৪ তারিখে উপজেলা পরিষদের মুল প্রশাসনিক ভবনের টয়লেটের ২টি চেম্বার সুইপার দ্বারা ময়লা পরিষ্কার করে সুইপারের মজুরীর বিল প্রদান। | ৩৮৮৩৬৬৮ | ১৩/০৬/২০২৪ | ৩০০০.০০ |
| ৩২ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গত ০১/০৬/২০২৪ তারিখে ঝড়ে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে একটি আমগাছ ভেঙ্গে পড়ায় শ্রমিক দ্বারা অপসারণ করে মজুরী বিল প্রদান। | ৩৮৮৩৬৬৯ | ১৩/০৬/২০২৪ | ৫২৬০.০০ |
| ৩৩ | জনাব মোঃ রাজু, ম্যানেজার, গাওশিয়া হোটেল এন্ড রেস্টুরেন্ট, চৌরাস্তা, ঠাকুরগাঁও । | গত ১৮/০৫/২০২৪ তারিখে সভায় আপ্যায়ন বাবদ ১৬ প্যাকেট খাবার সরবরাহের বিল প্রদান | ৩৮৮৩৬৭০ | ১৩/০৬/২০২৪ | ৩২০০.০০ |
| ৩৪ | জনাব কালী চরণ রায়, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গত ০৫/০৫/২০২৪ তারিখে রংপুর জিলা স্কুল মাঠে বিভাগীয় সার্বজনীন পেনশন মেলায় অংশগ্রহনের ফলে আনুষাঙ্গিক ব্যয়ের বিল প্রদান। | ৩৮৮৩৬৭১ | ১৩/০৬/২০২৪ | ২৩,২৪২.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৫ | জনাব মোঃ নূরুল ইসলাম, প্রসেস সার্ভার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও বাসভবনে ইন্টারনেটের মে ও জুন/২০২৪ মাসের বিল পরিশোধ বিল প্রদান। | ৩৮৮৩৬৭২ | ১৩/০৬/২০২৪ | ২৬৪৪.০০ |
| ৩৬ | জনাব মারজিনা বেগম, উপ-পশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | উপজেলা পরিষদের মূল প্রশাসনিক ভবনের নিচ তলার রাবিশ শ্রমিক দ্বারা পরিষ্কারকরণ, সভাকক্ষের পানির লাইন মেরামত, বৈদ্যুতিক লাইন মেরামত, নিচের হেল্পডেস্ক এর তালা ক্রয় এবং বিভিন্ন সীল তৈরীসহ আনুষঙ্গিক ব্যয়ের বিল প্রদান। | ৩৮৮৩৬৭৩ | ১৩/০৬/২০২৪ | ৫৩২৮.০০ |
| ৩৭ | জনাব মোঃ তানভীর রহমান, সহকারী প্রকৌশলীর কার্যালয়, ঠাকুরগাও | উপজেলা পরিষদের ৩০এমবিপিএস ইন্টারনেট লাইন সংযোগের জন্য বিভিন্ন মালামাল ক্রয় পূর্বক সংযোগের বিল প্রদান। | ৩৮৮৩৬৭৪ | ১৩/০৬/২০২৪ | ১৫৯১৫.০০ |
| ৩৮ | ভ্যাট ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ জমা প্রদান। | ৩৮৮৩৬৭৫ | ১৩/০৬/২০২৪ | ১২৯০.০০ |
| ৩৯ | জনাব মোঃ রবিউল ইসলাম, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ভাইস চেয়ারম্যানের কক্ষে ফ্যানের রেগুলেটর ক্রয় করে সংযোজনের মজুরীর বিল প্রদান। | ৩৮৮৩৬৭৬ | ১৩/০৬/২০২৪ | ৮৮০.০০ |
| ৪০ | জনাব পরিতোষ কুমার দেবনাথ, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩০২ মহিলা আসন-০২ এর স্বেচ্ছাধীন তহবিলের চেক বিতরণ অনুষ্ঠানের ব্যানার প্রস্তুতের বিল প্রদান। | ৩৮৮৩৬৭৭ | ১৩/০৬/২০২৪ | ৭৪০.০০ |
| ৪১ | মোঃ শফিকুল ইসলাম, স্টেনো, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অত্র উপজেলার ০২(দুই) জন ব্যক্তিকে আর্থিক সাহায্য প্রদানের জন্য উত্তোলন। | ৩৮৮৩৬৭৮ | ১৩/০৬/২০২৪ | ৮০০০.০০ |
| ৪২ | মোঃ শফিকুল ইসলাম, স্টেনো, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অত্র উপজেলার ১২(বার) জন ব্যক্তিকে আর্থিক সাহায্য প্রদানের জন্য উত্তোলন। | ৩৮৮৩৬৭৯ | ১৩/০৬/২০২৪ | ৬০০০০.০০ |

বর্ণিত ব্যয়গুলোর বিষয়ে সভায় আলোচনা হয়। সার্বিক বিবেচনায় ব্যয়সমূহ যৌক্তিক বিধায় ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।

## ৬। চেয়ারম্যান ও সভাপতি

জনাব মোঃ মোশারুল ইসলাম সরকার, নব-নির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি জানান যে, আজকের ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম মাসিক সাধারণ সভায় উপস্থিত ঠাকুরগাঁও-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, আমাদের সকলের অভিভাবক, জননেতা রমেশ চন্দ্র সেন এমপি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়, পুনরায় নির্বাচিত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়, ২২টি ইউনিয়নের সহকর্মী ইউপি চেয়ারম্যানবৃন্দ, ০৩টি থানার সম্মানিত অফিসার-ইন-চার্জবৃন্দ, সকল দপ্তরের সম্মানিত কর্মকর্তাগণ, সম্মানিত প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং সম্মানিত প্রেসক্লাবের সভাপতি মহোদয় সকলকে সালাম ও আদাব। ৬ষ্ঠ উপজেলা পরিষদের আকজে প্রথম সভা। আজকে বক্তব্য দেয়ার মত কিছু নেই। আমি এই পরিষদের পুরাতন একজন সদস্য। আমি গত ১৯৯২ সালে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হয়ে এই পরিষদে পর্দাপন করি আর আজকে ২০২৪ সাল। এই পরিষদের দীর্ঘ পদচলা। আজকে আমি সম্মুখে বসেছি কিন্তু আমি এই কনফারেন্স রুমের ডান পার্শ্বে মানুষ। আমি ঐ ডান পার্শ্বে মানুষ হয়ে কাজ করতে চাই। আমি আজকের সভায় একগুচ্ছ সমস্যা ইতোমধ্যে লিপিবদ্ধ করেছি, সমাধানের জন্য আজকে পরামর্শ নেই। আজকে যে বিষয়ে নিয়ে আলোচনা করা হবে সেটা হলো আমাদের সকলকে এই সদর উপজেলাকে ভালবাসতে হবে। এরপর কাজ হচ্ছে আমাদের মিশন-ভিশন রয়েছে, যে ঠাকুরগাঁও সদর উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা। এই উপজেলা মডেল উপজেলা হিসেবে গড়ে তোলার জন্য আমাদেরকে আন্তরিকভাবে কাজ করতে হবে এবং প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে। আমাদের ঐকান্তিক কিছু কাজ রয়েছে, যেগুলো না করলেই নয়, তাই এই কাজগুলো জরুরী ভিত্তিতে করতে হবে। সেই সাথে আমাদেরকে মিতব্যয়ী হতে হবে যেন সরকারি অর্থ কোনভাবে অপচয় না হয়। সরকারি অর্থ যেন সঠিক জায়গায় ব্যবহার করা যায় সে বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে। স্ট্যান্ডিং কমিটির বিষয়ে ইতোপূর্বে ইউপি চেয়ারম্যান থাকালেও আলোচনা হয়েছে। তিনি প্রতিটি দপ্তর প্রধানকে নিয়মিত স্ট্যান্ডিং কমিটির সভায় করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করছি যে, প্রতিটি স্ট্যান্ডি কমিটির সদস্য-সচিব হিসেবে নিয়মিত সভা করার জন্য পত্র প্রদান করার জন্য অনুরোধ জানান। এরপরও যে যে দপ্তর নিয়মিতভাবে স্ট্যান্ডিং কমিটির সভা করবেন না তাদের বিরুদ্ধো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তাহলে উপজেলা পরিষদ পরিচালনার কাজ করা সম্ভব এবং স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে কোন উন্নয়নমূলক কাজের প্রস্তাব আসলে তা বাস্তবায়ন করা সহজ হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি সকলকে ধন্যবাদ জানান যে, এই উপজেলায় মোট ৪৮৫০০০ (চার লক্ষ পচাশি হাজার) ভোটার এবং সাড়ে আটলক্ষ জনগনের বসবাস, তিনটি থানা একটি প্রথম শ্রেণির পৌরসভা। এটি একটি বড় উপজেলা। একজন বক্তব্য প্রদান করেছেন যে, ঠাকুরগাঁও সদর উপজেলা রংপুর বিভাগের প্রথম বৃহৎ উপজেলা। তার বক্তব্যের উদ্ধৃতি দিয়ে বলে এটি বাংলাদেশের একটি দ্বিতীয় বৃহৎ উপজেলা। এই অবস্থার প্রেক্ষিতে অনেক বড় জায়গা। অনেক বড় জায়গার বড় কাজগুলো করার জন্য আমাদেরকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। আমাদের এখানে যিনি অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করেন তিনি প্রতিটি বিষয় তাঁর নজরে নেওয়ার চেষ্টা করেন। আমরা সবাই তাঁকে সহায়তা এবং সহযোগিতা করবো, নিশ্চয় আমরা ঠাকুরগাঁও সদর উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা যে প্রত্যয় রয়েছে তা করা সম্ভব। ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন সুন্দরভাবে সম্পন্ন করার জন্য ঠাকুরগাঁও-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য, আমাদের সকলের অভিভাবক, জননেতা রমেশ চন্দ্র সেন এমপি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করেছেন এবং সকল কর্মকর্তাগণ মাঠে সহ সকল কর্মকান্ডের সাথে যুক্ত ছিলেন। সকলের এই নির্বাচনকে একটি উৎসবমূখর নির্বাচন করার জন্যই একটি অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে এজন্য তিনি নির্বাচন সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। আমরা সকলে মিলে কাজ করলে ঠাকুরগাঁও সদর উপজেলাকে একটি সুন্দর উপজেলা হিসেবে গড়ে তুলতে পারবো। তিনি যেন দায়িত্বপালনকালীন সময়ে সঠিকভাবে দায়িত্বপালন করতে পারেন সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

পরিশেষে সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/৬/২৪

(মোঃ মোশারুল ইসলাম সরকার)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৩-১২১৭(৫০) তারিখ : ১৯/০৬/২০২৪ খ্রি

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩-ঠাকুরগাঁও-১ আসন, ঠাকুরগাঁও।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৮। -----------------------

(বেলায়েত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
ফোন-০৫৬১-৬১৫০০।